দৈনিক
# ইত্তেফাক

তারিখ: 07 NOV 2017
পৃষ্ঠা ২০ কলাম ২

## কবি নজরুলের ভারপ্রাপ্ত ভিসি লাঞ্ছিত, গাড়ি ভাঙচুর

■ ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি শামসুর রহমানকে লাঞ্ছিত করেছে আন্দোলনরত শিক্ষার্থীরা। এসময় শিক্ষার্থীরা তার গাড়িও ভাংচুর করে। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে এ ঘটনা ঘটে। এ ঘটনায় প্রক্টর, পুলিশ কর্মকর্তাসহ আহত হয় বেশ কয়েকজন শিক্ষার্থী।

জানা যায়- ভারপ্রাপ্ত ভিসি ও ট্রেজারার প্রফেসর এএমএম শামসুর রহমান বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করছে এ খবর পেয়ে শিক্ষার্থীরা প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নেয়। তার গাড়ি ক্যাম্পাসের পৃষ্ঠা ২ কলাম ৭

## কবি নজরুলের ভারপ্রাপ্ত

২০ পৃষ্ঠার পর

প্রশাসনিক ভবনের সামনে গেলে শিক্ষার্থীরা তার গাড়ি অবরোধ করে। এ সময় শিক্ষার্থীরা তাকে ক্যাম্পাস হতে বের হয়ে যাওয়ার শ্লোগান দিতে থাকে। কিন্তু তিনি প্রশাসনিক ভবনে প্রবেশ করতে চাইলে এক পর্যায়ে শিক্ষার্থীরা ক্ষিপ্ত হয়ে গাড়ি ভাংচুর করে ভারপ্রাপ্ত ভিসিকে লাঞ্ছিত করে। এসময় প্রক্টর জাহিদুল কবীর, বিশ্ববিদ্যালয় তদন্ত কেন্দ্রের ইনচার্জ এসআই কামরুলসহ বেশ কয়েকজন শিক্ষার্থী আহত হন। পরে ভারপ্রাপ্ত ভিসি পুলিশের সহায়তায় ক্যাম্পাস থেকে ফিরে যান।

বিশ্বদ্যিালয় শাখা ছাত্রলীগের সভাপতি নজরুল ইসলাম বাবু ও সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম রাকিব আন্দোলনকারীদের সাথে আলোচনা করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। প্রক্টর জাহিদুল কবীর জানান, আন্দোলনকারী শিক্ষার্থীদের সাথে আলোচনা করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়েছে। রেজিস্টার হুমায়ুন কবীর জানান, ভর্তি কমিটির মিটিংয়ে যোগদানের জন্য ভারপ্রাপ্ত ভিসি ক্যাম্পাসে এসেছিলেন। তিনি অফিসে প্রবেশ করতে না পারায় ভর্তি কমিটির মিটিং স্থগিত করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের দুর্নীতি, নিয়োগ বাণিজ্য, অবৈধভাবে বদলি ও রাষ্ট্রপতির ভাগিনা পরিচয় দিয়ে ক্ষমতার অপব্যবহার নিয়ে ভারপ্রাপ্ত ভিসি ট্রেজারার প্রফেসর এএমএম শামসুর রহমানের বিরুদ্ধে গণ মাধ্যমে সংবাদ প্রকাশিত হওয়ার পর থেকে শিক্ষক-শিক্ষার্থীরা তার পদত্যাগের দাবিতে আন্দোলনে শুরু করেন।

কার্যালয়